

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫- ৭৪২

তারিখঃ ১৪/০৬/২০১৭

বিষয় : ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান দেওয়ান মোঃ মঈনউদ্দিন এর বিরুদ্ধে চলমান মামলা এবং মাসিক সভায় ও কর্মস্থলে অনুপস্থিতির তথ্যাদি প্রেরণ।

সূত্র : (০১) দেওয়ান মোঃ মঈনউদ্দিন এর আবেদন।


(০২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৯০৪, তারিখঃ ০৯/০৮/২০১৬

(০৩) এ বিভাগের স্মারক নং-৭২৯, তারিখঃ ২২/০৫/২০১৬

(০৪) এ বিভাগের স্মারক নং-৪৮, তারিখঃ ১৫/০১/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান দেওয়ান মোঃ মঈনউদ্দিন এর বিরুদ্ধে একাধিক ফৌজদারী মামলা চলমান রয়েছে। উক্ত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে কি-না এবং তিনি ৩০/১০/২০১৪ হতে ১০/০৮/২০১৫ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের কয়টি মাসিক সভায় অনুপস্থিত ছিলেন এ সংক্রান্ত তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য সর্বশেষ ১৫/০১/২০১৭ তারিখে অনুরোধ করা হলেও চাহিত তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায়নি। ফলে এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না।

এমতাবস্থায়, সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান দেওয়ান মোঃ মঈনউদ্দিন এর বিরুদ্ধে চলমান ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে কি-না তাঁর তথ্যাদি (দায়েরকৃত/চলমান মামলাগুলোর নম্বর ও তারিখ, জিআর মামলা নম্বর, অভিযোগপত্র গৃহীত হওয়ার তারিখসহ পিপি'র স্বাক্ষরিত সার্টিফাইড কপি) এবং পরিষদ সভায় ও কর্মস্থলে ৩০/১০/২০১৪ হতে অনুপস্থিতির বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন আগামী ০৭ কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার) ১৪/০৬/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক

ঢাকা।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২. উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।

৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)